

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর- ২, ঢাকা - ১২১৬

স্মারক নং : ৩৮.১৩২.০০৭.০১.০০.০০.৬৭.২০১০/১১১৬

তারিখ : ২২ ভাদ্র ১৪২৩ বং
০৬ সেপ্টেম্বর ২০১৬ খ্রি.

পরিপত্র

প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে বিদ্যালয়সমূহ নির্ধারিত প্রমাপ অনুযায়ী পরিদর্শনকারী কর্মকর্তাবৃন্দ কর্তৃক নিয়মিতভাবে পরিদর্শন ও পরিদর্শনের ফলোআপ হওয়া অত্যাবশ্যিক। প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সদস্যগণ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ কর্তৃক প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন অস্ত্রে দাখিলকৃত প্রতিবেদন ও পরিদর্শনকারী কর্মকর্তাদের অভিজ্ঞতা থেকে জানা যায় -

- ১) প্রতি বছর অনেক বিদ্যালয় নিয়মিত পরিদর্শনের আওতার বাইরে থাকে। এমনকি কোন কোন বিদ্যালয় বিগত ২-৩ বছরে পরিদর্শনকারী কর্মকর্তাগণ পরিদর্শন করেন নি।
- ২) অনেক বিদ্যালয়ে পূর্ববর্তী পরিদর্শনকারীর পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায় না। এমনকি পরিদর্শনকারী কর্মকর্তাগণ পরিদর্শন খাতায় কোন মন্তব্য লিখেন না।
- ৩) অধিকাংশ ক্ষেত্রেই কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন তাদের নিয়ন্ত্রনকারী কর্মকর্তাগণ মূল্যায়ন করেন না এবং পরিদর্শনে প্রাপ্ত বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করেন না।
- ৪) পরিদর্শনকারী কর্মকর্তাগণ পরিদর্শনে প্রাপ্ত অনিয়মের কারণে প্রদত্ত নির্দেশনা/সুপারিশ বাস্তবায়িত হয়েছে কিনা তা ফলোআপ করেন না।
- ৫) কর্মকর্তাগণ পরিদর্শনকালে একাডেমিক সুপারিশনে সময় কম ব্যয় করেন এবং বিদ্যালয়ের শিখন শেখানো কার্যক্রমের মান উন্নয়নে প্রয়োজনীয় ভূমিকা পালন করেন না।


এমতাবস্থায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে তাঁদের অধিক্ষেত্রের বিদ্যালয়/অফিস পরিদর্শনে নিম্নোক্ত নির্দেশনা প্রতিপালনের জন্য বলা হল :

- ১) মাসিক পরিদর্শনের ক্ষেত্রে কর্মকর্তাগণ বিদ্যমান নিম্নরূপ প্রমাপ যথাযথভাবে অনুসরণ করবেন :

নং	পদবী	অফিস পরিদর্শনের নির্ধারিত লক্ষ্যমাত্রা	বিদ্যালয় পরিদর্শনের নির্ধারিত লক্ষ্যমাত্রা	মন্তব্য
১	বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা)	ডিপিইও অফিস - ১ পিটিআই- ১ ইউইও /টিইও অফিস/ইউআরসি- ২	২	উপপরিচালক, ঢাকা বিভাগ প্রমাপের অতিরিক্ত ঢাকা মহানগরের ২ টি বিদ্যালয় আবশ্যিকভাবে পরিদর্শন করবেন।
২	বিভাগীয় সহকারি পরিচালক	ডিপিইও অফিস - ১ পিটিআই- ১ ইউইও /টিইও অফিস/ইউআরসি- ২	২	সহকারি পরিচালক, ঢাকা বিভাগ প্রমাপের অতিরিক্ত ঢাকা মহানগরের ২ টি বিদ্যালয় আবশ্যিকভাবে পরিদর্শন করবেন।
৩	শিক্ষা অফিসার, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়		৫	
৪	ডিপিইও	২	৩	
৫	এডিপিইও	৩	৫	
৬	সুপারিনটেনডেন্ট পিটিআই	১	১	
৭	সহ:সুপারিনটেনডেন্ট, পিটিআই	১	১	
৮	ইউইও	-	৫	
৯	এইউইও	-	১০	
১০	ইন্সট্রাক্টর পিটিআই	-	১	
১১	ইউআরসি ইন্সট্রাক্টর	-	৫	
১২	সহ: ইউআরসি ইন্সট্রাক্টর	-	৭	

She

- ২) উপজেলা পর্যায়ে উপজেলা শিক্ষা অফিসারের নেতৃত্বে ইউআরসি ইন্সট্রাকটর, সহকারি উপজেলা শিক্ষা অফিসার ও সহকারি ইন্সট্রাকটরগণের সমন্বয়ে সমন্বিত পরিদর্শন পরিকল্পনা প্রনয়ন করে বিদ্যালয় পরিদর্শন করতে হবে যাতে প্রতি ৩ (তিন) মাসে প্রতিটি বিদ্যালয় অন্তত একবার পরিদর্শিত হয়। পরিকল্পনা প্রনয়ণকালে দুর্গম ও দূরবর্তী এলাকায় অবস্থিত বিদ্যালয় সমূহকে অগ্রাধিকার দিতে হবে।
- ৩) মাঠপর্যায়ের অফিস প্রধানগণ (UEO, DPEO ও DD) সমন্বিত পরিদর্শন পরিকল্পনার আলোকে প্রতি তিন মাসের পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিয়ে একটি সারসংক্ষেপ তৈরি পূর্বক স্ব স্ব কর্তৃপক্ষসহ অন্যান্য অংশীজনের (Stakeholder) নিকট প্রেরণ করবেন।
- ৪) সার্বিক পরিদর্শন কার্যক্রমে একাডেমিক সুপারভিশনের প্রতি বিশেষ জোর দিতে হবে এবং পরিদর্শনকালে শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক শিখন যোগ্যতা আবশ্যিকভাবে যাচাই করতে হবে।
- ৫) সকল পরিদর্শনকারী কর্মকর্তা পরিদর্শন শেষে বিদ্যালয়ের পরিদর্শন খাতায় মন্তব্য লিখবেন। নির্দেশনা/সুপারিশ প্রদানের ক্ষেত্রে বাস্তবায়নের সময় উল্লেখ করতে হবে।
- ৬) নিয়ন্ত্রনকারী কর্মকর্তাগণ তাঁর অধস্তন কর্মকর্তাগণের সকল পরিদর্শন প্রতিবেদন মূল্যায়ন করবেন এবং প্রয়োজনীয় ক্ষেত্রে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৭) প্রত্যেক শিক্ষার্থী শিখনফল অর্জন করেছে কিনা পরিদর্শনকারী কর্মকর্তাগণ শ্রেণি পর্যবেক্ষণের সময় তা যাচাই করবেন ও প্রতিবেদনে উল্লেখ করবেন।


 ০৬.৩.২০১৬
 (মোঃ আলমগীর)

মহাপরিচালক

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

le

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে :-

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা।

অনুলিপি : প্রয়োজনীয় কার্যার্থে :-

১। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর


২। পরিচালক প্রশাসন/অর্থ ও সংগ্রহ/পরিবীক্ষণ ও মূল্যায়ন/পরিকল্পনা ও উন্নয়ন/পলিসি ও অপারেশন/প্রশিক্ষণ/প্রোগ্রাম/সেকেন্ড চান্স এডুকেশন এবং সিস্টেম ম্যানেজার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।

৩। বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা), সকল বিভাগ, ঢাকা।

৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সকল জেলা/সুপারিনটেনডেন্ট, পিটিআই(সকল)।

৫। উপজেলা/থানা শিক্ষা অফিসার/ইউআরসি ইন্সট্রাক্টর উপজেলা/থানা, ঢাকা।

৬। সংরক্ষণ নথি।


 মোঃ সাবের হোসেন

পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন)

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

le